সংবাদ

19 APR 2016
১৬ ... ৩

# ৮৪ দিনেও খোঁজ মেলেনি ছাত্রলীগ নেতা তপুর

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীর রামপুরা থানা ছাত্রলীগের সাবেক সভাপতি এসএম মোয়াজ্জেম হোসেন তপুর খোঁজ মেলেনি। গতকাল পর্যন্ত ৮৪ দিন পার হলেও তার সন্ধান দিতে পারেনি কেউ। গত ২৬ জানুয়ারি রাতে ভাটারা একটি বাসা থেকে সাধারণ পোশাকের তিন ব্যক্তি তপুকে তুলে নেয় বলে তার পরিবার অভিযোগ করে। এরপর থেকে তার কোন খোঁজ মেলেনি, মুঠোফোন নম্বরও বন্ধ। এ ব্যাপারে ৩০ জানুয়ারি ভাটারা থানায় জিডি ও ১ ফেব্রুয়ারি অপহরণের অভিযোগ খোঁজ : পৃষ্ঠা : ২ ক : ২

## খোঁজ : মেলেনি

(১৬ পৃষ্ঠার পর)

এনে মামলা করা হয়।

পুলিশ ও গোয়েন্দা সংস্থা বলছে, তপুকে তারা আটক করেনি। এদিকে, তপুর খোঁজ না পাওয়া পরিবারের সদস্যরা ক্রমেই ভেঙে পড়ছেন। দ্বারস্থ হচ্ছেন একাধিক আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে। তপুর বড় ভাই ডা. এসএম মইনুল হোসেন অপু বলেন, আমার ভাইকে কোথাও খুঁজে পাচ্ছি না। কেউ খোঁজ দিতেও পারছে না। মা সাহেলা বেগমসহ পরিবারের সবাই ক্রমেই ভেঙে পড়ছেন। মায়ের আহাজারি দিন দিন বাড়ছে। কাউকে দেখলেই তপুর খোঁজ জানতে চাচ্ছেন। সারাদিন পথ চেয়ে থাকেন এই বুঝি আমার তপু আসছে।

অপু বলেন, পুলিশ, র‌্যাব, ডিবি, রাজনৈতিক ব্যক্তি সবার কাছে ধরনা দিচ্ছি। কিন্তু কেউ কোন খোঁজ দিতে পারছেন না। যেভাবেই হোক ভাইকে ফিরে পেতে চাই। তপু একাধিকবার রামপুরা থানা ও ওয়ার্ড ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক ছিলেন। ঢাকা মহানগর ছাত্রলীগ দক্ষিণের শ্রেষ্ঠ সংগঠক হিসেবে পুরস্কৃতও হন। তিনি রামপুরার আলী হায়দার স্কুলের গভর্নিং বডির চেয়ারম্যানও। মহানগর দক্ষিণ ছাত্রলীগের সভাপতি পদে প্রার্থী হওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছিলেন তপু। ভাটারা থানার ওসি নুরুল মোত্তাকিন বলেন, তপুর সন্ধান পেতে পুলিশের একাধিক টিম কাজ করছে। প্রযুক্তির সহযোগিতা নেয়া হচ্ছে। কিন্তু গতকাল পর্যন্ত তার সন্ধান মেলেনি। তবে অভিযান চলছে।